ALL INDIA RADIO

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**1 September 2026** **7:35 AM IST**

==================================================================

আসাম সরকার উজান আসামের সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত চারটি জেলার আর্থিক সহায়তা থেকে বাদ পড়া লোকেদের আজ ১৫ হাজার টাকা করে প্রদান করা হবে । জীবন প্রেরণা প্রকল্প সহ সি এম ফ্লাইট প্রকল্পের সংশোধিত নীতি অনুসারে প্রথম কিস্তির অর্থও আজ প্রদান করা হবে । এছাড়া বন্যাবিধ্বস্ত শিবসাগর ও চরাইদেউ জেলার অরুণোদয়ের হিতাধিকারীদের চলতি সেপ্টেম্বর মাসে দুহাজার টাকা করে দেওয়া হবে ।

................................................................................................

কেন্দ্রীয় সরকার মণিপুরের বর্তমান পরিস্থিতি পর্য্যালোচনা করে জনগননা প্রক্রিয়া স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের পৌরহিত্যে গতকাল নতুন দিল্লীতে আয়োজিত এক বৈঠকে এই সিদ্ধান্ত হয়েছে । বৈঠকে ন্যাশনেল; রেজিষ্টার অফ সিটিজেনস , এন আর সি কার্যকর করার আগে মণিপুরে জনগননা স্থগিত রাখার যে দাবী জনগনের পক্ষ থেকে করা হয়েছে , তা নিয়ে বিশদে আলোচনা করা হয় । উল্লেখ্য মণিপুর হাইকোর্টও পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত রাজ্যে জনগননা স্থগিত রাখার নির্দেশ দিয়েছে ।

................................................................................................

আসাম রাজ্য নির্বাচন কমিশনের উদ্যোগ আসন্ন শিলচর পৌরনিগম নির্বাচন সম্পর্কে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে গতকাল গুয়াহাটীর পাঞ্জাবারী  কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । রাজ্য নির্বাচন কমিশনের আয়ুক্ত রঞ্জন শর্মার পৌরহিত্যে আয়োজিত বৈঠকে নির্বাচনে আসন সংরক্ষণ ,প্রতিদ্বন্দী প্রার্থীর ব্যয় , ডিজিটেল নির্বাচন ব্যাবস্থাপনা ,নির্বাচনী আচরণ বিধি সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয় । রাজ্য নির্বাচন আয়ুক্ত শিলচর পৌর নিগমের নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার জন্য সব রাজনৈতিক দলের সহযোগীতা কামনা করেন ।
উল্লেখ্য শিলচর পৌর নিগমের ৪২ টি ওয়ার্ডের জন্য অনুষ্ঠেয় নির্বাচনে ২ লক্ষ ৭০ হাজার ৭শ ৭২ জন ভোটদাতা  ৩১৬ টি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটাধিকার প্রয়োগ করবেন ।

........................................................................................................

শিলচর পৌরনিগম নির্বাচন ২০২৬ এর প্রস্তুতির অংশ হিসেবে পৃথক পাস ও ভিডিওগ্রাফি সেল গঠন করা হয়েছে । এই সেল নির্বাচনের কাজে যুক্ত আধিকারিক ও কর্মীদের পরিচয়পত্র ,বিভিন্ন ধরণের পাস ,ছবি তোলা এবং নির্বাচনে প্রয়োজনীয় ভিডিওগ্রাফির ব্যাবস্থা সমন্বয়ের দায়িত্বে থাকবে । কাছাড় জেলার অতিরিক্ত জেলা আয়ুক্ত জাগৃতি কালোয়ার সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক হিসেবে থাকবেন এবং জেলার সহকারী আয়ুক্ত অরুনাভ চৌধুরী তাঁকে সহযোগীতা করবেন । জেলা প্রশাসনের নির্দেশ অনুযায়ী জেলা আয়ুক্তের কার্যালয় সহ বিভিন্ন সরকারী বিভাগের আধিকারিক ও কর্মীদের নিয়ে সেলটি কাজ করবে ।

.........................................................................................................

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে নিউ হারেঙ্গাজাও রেল স্টেশনের কাছে এক ও দু নম্বর রেল রুটে সংস্কার কাজের জন্য কিছু ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে এবং কয়েকটি ট্রেনের যাত্রার সময়সূচীর পরিবর্তন করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে  শিলচর-গুয়াহাটী এক্সপ্রেস ট্রেনের যাত্রা আজ ও আগামীকাল বাতিল করা হয়েছে । এছাড়া  নারেঙ্গী -আগরতলা এক্সপ্রেস ট্রেনটি আজ সন্ধ্যা সাড়ে ছটায় নারেঙ্গী থেকে এবং  শিলচর-কোয়েমবোটর এক্সপ্রেস ট্রেনটি আজ রাত দশটা ১০ মিনিটে শিলচর থেকে ছাড়বে ।

.........................................................................................................

শ্রীভূমি পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আনিপুর-জামমুয়াং এন ই সি রোড থেকে নিভিয়া -মাগুরাছড়া সড়কের পূর্ব মাগুরা সংযোগকারী প্রধানমন্ত্রী গ্রামীন সড়ক যোজনার সড়ক ও বাগ সেতু ১/১ এর উপর দিয়ে যান চলাচলের ক্ষেত্রে সর্বোচ্চ ১০ টনের বেশী যান চলাচল বন্ধ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে বালু বোঝাই অতিরিক্ত ওজনের যানবাহন চলাচলের ফলে বাগ সেতুর পরিকাঠামোকে আরো ক্ষয়ক্ষতির হাত থেকে বাঁচাতে অবিলম্বে ঔই সড়ক দিয়ে ১০ টনের বেশী ওজনের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

.........................................................................................................

অনর্ধ-১৯ আন্ত:জেলা মহিলা ক্রিকেট প্রতিযোগীতার ফাইনাল খেলা আগামীকাল হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে অনুষ্ঠিত হবে ।

আগামীকালের ফাইনালে হাইলাকান্দি জেলা ও শ্রীভূমি জেলা দল পরস্পরের মুখোমুখি হবে ।

..........................................................................................

ধলাই মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার কোয়াটার ফাইনালে প্রবেশ করেছে ইসলামাবাদ এফ সি । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় এস এস এম এম এফ সি কর্কট এবং পানিসাগর মোকাম এফ সি পরস্পরের মুখোমুখী হবে ।

এদিকে প্রতিযোগীতার গতকালের খেলায় ইসলামাবাদ এফ সি ৩-১ গোলের ব্যবধানে আব্দুল এফ সি জামালপুরকে পরাজিত করে । গতকালের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হন মুনজিৎ ।

..........................................................................................